

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

### CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৪১/২০১৬

তারিখঃ ২৬/০৭/২০১৬খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

কাস্টম হাউস, চট্টগ্রাম এর অফিস আদেশ নং-১৯০, তারিখঃ ২০/০৭/২০১৬ খ্রিঃ সম্মানিত সদস্য/ সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-  
মোহাম্মদ মুছা  
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টম হাউস, চট্টগ্রাম।

অফিস আদেশ নং-১৯০

তারিখঃ ২০/০৭/২০১৬খ্রিঃ

#### অফিস আদেশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সাবটিম ১২, ১৩, ১৪, ১৫ এবং ১৬ এর শুদ্ধায়ন গ্রুপের শুদ্ধায়নকারী কর্মকর্তাদের শুদ্ধায়ন কার্যক্রম সম্পন্ন করার সময় নিম্নোক্ত বিষয়গুলো প্রতিপালনের জন্য নির্দেশ প্রদান করা হলোঃ

ক) বন্ড সুবিধায় আমদানিকৃত পণ্য চালান, শুদ্ধায়নের সময় সহকারী রাজস্ব কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত সংশ্লিষ্ট সকল দলিলাদি যাচাইপূর্বক সঠিক প্রাপ্তি সাপেক্ষে ASYCUDA World System-এর Inspection Act-এর Checked & found correct লিখে রাজস্ব কর্মকর্তার নিকট প্রেরণ করবেন।

খ) সহকারী রাজস্ব কর্মকর্তা, বিজিএমইএ কর্তৃক ইস্যুকৃত ইউডি Online এ যাচাই করে ইউডি'র সত্যতা সম্পর্কে নিশ্চিত হবেন।

গ) রাজস্ব কর্মকর্তার নিকট দাখিলকৃত সকল প্রকার কাগজ পত্র পুনরায় ভালভাবে যাচাই করে সঠিক প্রাপ্তি সাপেক্ষে, প্রথমে ইউডি এর প্রাপ্যতার বিপরীতে পাশ বইয়ে লিপিবদ্ধ নিশ্চিত করার পর ASYCUDA World System-এ Re-route to Green করবেন।

ঘ) সেলস কন্ট্রোল এর মাধ্যমে (অর্থাৎ এলসি, এলসি.এ ব্যতিরেকে) পণ্য চালান আমদানির ক্ষেত্রে পণ্য শতভাগ কার্যিক পরীক্ষা করে ঘোষণা মোতাবেক সঠিক প্রাপ্তি সাপেক্ষে শুদ্ধায়ন করতে হবে।

ঙ) ঋণপত্র না খুলে এল.সি.এ ফরমের মাধ্যমে আমদানির ক্ষেত্রে পণ্য চালান শতভাগ কার্যিক পরীক্ষা করতে হবে।

চ) অভিযোগ রয়েছে, ভুয়া এলসি ও ভুয়া ইউডির মাধ্যমে, Master LC বা Sales Contact এর সংশোধনী না থাকা স্বত্বেও সংশোধিত ইউডি'র বিপরীতে পণ্য খালাস করার তৎপরতা রয়েছে। এক্ষেত্রে দাখিলকৃত সকল কাগজ ভালভাবে পুনরায় পরীক্ষাপূর্বক নিশ্চিত হয়ে শুদ্ধায়ন করতে হবে।

স্বাক্ষরিত/-

(হোসেন আহমদ)

কমিশনার অব কাস্টমস

কাস্টম হাউস, চট্টগ্রাম।

ফোন-০৩১-৭১৩৯১৮

তারিখঃ ২০/০৭/২০১৬খ্রিঃ

নথি নং-এস২-৪০/বিবিধ/সাবটিম-১২/২০০১-০৮(অংশ-৩)/৭৬৫ (৮)কাস